

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯

তারিখ: ১৭ মাঘ ১৪২৭
৩১ জানুয়ারি ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহের অফশোর ব্যাংকিং কার্যক্রম প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ-২৫ ফেব্রুয়ারি ২০১৯, বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯, তারিখ-২৭ মে ২০১৯ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১, তারিখ-১৮ জুন ২০২০ এবং একক গ্রাহক ঋণ সীমা সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ-১৬ জানুয়ারি ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। কোভিড-১৯ এর প্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতিতে অফশোর ব্যাংকিং এক্সপোজারসহ একক গ্রাহককে প্রদত্ত ঋণস্থিতি বিআরপিডি সার্কুলার নং-০২/২০১৪ এ বর্ণিত নির্ধারিত সীমার মধ্যে এবং অনশোর ব্যাংকিং হতে অফশোর ব্যাংকিং এ তহবিল স্থানান্তরের সীমা রেগুলেটরি মূলধনের ৩০% এর মধ্যে আনয়নের লক্ষ্যে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত সময় প্রদান করা হলো। তবে, উভয় ক্ষেত্রেই সীমিতরিক্ত হার ক্রমাগতভাবে হ্রাস করতে হবে।

৩। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এবং The Foreign Exchange Regulation Act, 1947 এ প্রদত্ত ক্ষমতাবলে উপরোক্ত নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মো: নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২